খ্রিস্টান সম্প্রদায়ের অধিকার নিশ্চিত করে দেশ গড়ার আহ্বান রাষ্ট্রপতির

ছবি: সংগৃহীত

ধর্মের নামে বিভাজন নয়, সব নাগরিকের অধিকার ও মর্যাদা নিশ্চিত করে ঐক্যবদ্ধভাবে দেশ গড়ার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। খ্রিস্টান সম্প্রদায়সহ কোনো নাগরিক যেন ধর্মীয় পরিচয়ের কারণে বৈষম্যের শিকার না হন, সে বিষয়েও গুরুত্ব দেন তিনি।

মঙ্গলবার (৬ অক্টোবর) বঙ্গভবনে ঢাকা ক্যাথলিক আর্চডায়োসিসের ২৫ সদস্যের একটি প্রতিনিধিদলের সঙ্গে সৌজন্য সাক্ষাতে রাষ্ট্রপতি এসব কথা বলেন।

তিনি বলেন, বাংলাদেশ সবার। শিক্ষা, স্বাস্থ্য ও সমাজসেবাসহ বিভিন্ন ক্ষেত্রে খ্রিস্টান সম্প্রদায়ের অবদানের কথাও তুলে ধরেন রাষ্ট্রপতি।

সম্প্রদায়ের নেতাদের তাদের প্রতিষ্ঠান পরিচালনা, ভূমি ও সম্পদসহ যৌক্তিক সমস্যাগুলো নিয়ে সক্রিয়ভাবে কথা বলার আহ্বান জানান তিনি। পাশাপাশি সাম্প্রদায়িক সম্প্রীতি ও পারস্পরিক সহমর্মিতা বজায় রাখতে সবাইকে একসঙ্গে কাজ করার পরামর্শ দেন।

রাষ্ট্রপতি বলেন, বঙ্গভবনের দরজা দেশের সব নাগরিকের জন্য উন্মুক্ত। খ্রিস্টান সম্প্রদায়ের প্রতিনিধিদের যেকোনো যৌক্তিক সমস্যা নিয়ে তার সঙ্গে যোগাযোগ করার আহ্বানও জানান তিনি।